# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৪৯২

২১/ বিবিধ বিধান ও তার উপকারিতা (كتاب الأحكام والفوائد)

পরিচ্ছেদঃ কুকুর নিধন

باب مَا جَاءَ فِي قَتْلِ الْكِلاَبِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّثَنَا هُشَيْمٌ، أَخْبَرَنَا مَنْصُورُ بْنُ زَاذَانَ، وَيُونُسُ بْنُ عُبَيْدٍ، عَنِ الْحَسَنِ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مُغَفَّلٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " لَوْلاَ أَنَّ الْكِلاَبَ أُمَّةٌ مِنَ الأُمَمِ لأَمَرْتُ بِقَتْلِهَا كُلِّهَا فَاقْتُلُوا مِنْهَا كُلَّ أَسْوَدَ بَهِيمٍ " . قَالَ وَفِي الْبَابِ عَنِ ابْنِ عُمَرَ وَجَابِرٍ وَأَبِي رَافِعٍ وَأَبِي أَيُّوبَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عَبْدِ اللَّهِ بْنِ مُغَفَّلٍ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَيُرْوَى فِي بَعْضِ الْحَدِيثِ " أَنَّ الْكَلْبَ الأَسْوَدَ الْبَهِيمَ شَيْطَانٌ " . وَالْكَلْبُ الأَسْوَدُ الْبَهِيمُ الَّذِي لاَ يَكُونُ فِيهِ شَيْءٌ مِنَ الْبَيَاضِ . وَقَدْ كَرِهَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ صَيْدَ الْكَلْبِ الأَسْوَدِ الْبَهِيمِ .

বাংলা

১৪৯২। আহমাদ ইবনু মানী’ (রহঃ) ... আবদুল্লাহ ইবনু মুগাফফাল রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, কুকুর যদি আল্লাহর সৃষ্ট জাতিসমূহের এক জাতি না হত তবে আমি এর সবগুলো হত্যা করতে নির্দেশ দিতাম। এর মধ্যে ঘোর কালোগুলিকে তোমরা হত্যা করবে।

সহীহ, মিশকাত তাহকীক ছানী ৪১০২, গায়াতুল মারাম ১৪৮, সহীহ আবূ দাউদ ২৫৩৫, তিরমিজী হাদিস নম্বরঃ ১৪৮৬ [আল মাদানী প্রকাশনী]

এ বিষয়ে ইবনু উমার, জাবির, আবূ রাফি, আবূ আয়্যুব রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে। আবদুল্লাহ ইবনু মুগাফফাল রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান-সহীহ। কোন কোন হাদীসে বর্ণিত আছে যে, ঘোর কালো বর্ণের কুকুর হল শয়তান। ঘোর কালো বর্ণের কুকুর হল সেগুলো যেগুলোতে সাদার বিন্দুমাত্রও মিশ্রণ নাই। কতক আলিম ঘোর কালো বর্ণের কুকুরের শিকার অপছন্দনীয় বলে মত প্রকাশ করেছেন।

## English

Narrated 'Abdullah bin Mughaffal:
That the Messenger of Allah (ﷺ) said: "If it were not that dogs were part of a nation among the nations, then I would order to that all of them be killed. So kill every one of them that is all black."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু মুগাফফাল (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22001

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন